আলমডাঙ্গায় মাস্কবিহীন ২৪ জনকে জরিমানা

আলমডাঙ্গায় করোনাভাইরাস সংক্রান্ত স্বাস্থ্যবিধি না মানায় মাস্কবিহীন ২৪ জনকে জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত।

গতকাল বুধবার পৌর শহরের বিভিন্ন মোড়ে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন উপজেলা নির্বাহী অফিসার লিটন আলী।

আদালত সূত্রে জানা গেছে, মার্চ মাস থেকে শুরু হওয়া করোনা মহামারি ৪ মাস অতিবাহিত হলেও এখনও আক্রান্তের হার উর্দ্ধমুখি রয়েছে। প্রতিদিনই প্রাণ হারাচ্ছেন অসংখ্য মানুষ। তবুও মানুষের মাঝে এখনও সেভাবে সচেতনতা গড়ে ওঠেনি।

অনেকেই মাস্কবিহীন বাড়ি থেকে বের হয়ে যত্রতত্র ঘুরে বেড়াচ্ছেন। মানুষের মাঝে সচেতনতা তৈরী করতে বুধবারে এরকম ২৪ জনকে জরিমানা করা হয়েছে। এ সময় আদালতে নিরাপত্তার দায়িত্বে ছিলেন থানার এসআই সুফল।

একই সময়ে উপজেলা নির্বাহী অফিসার লিটন আলী নেতৃত্বে পৌর শহরে অটোচালক, মোটরসাইকেল চালক ও ভ্যান চালকরা স্বাস্থ্যবিধি না মানায় তাদের বেশকিছু বাহনকে জব্দ করে থানায় আটক রাখা হয়।

মাদক সেবনরত অবস্থায় দুই যুবক আটক: ভ্রাম্যমাণ আদালতে জরিমানা

দামুড়হুদা মডেল থানা পুলিশ চিৎলাগ্রামে মাদক বিরোধী অভিযান চালিয়ে মাদকসেবনরত অবস্থায় দুই যুবক কে আটক করেছে। আটককৃতরা হলো দামুড়হুদা উপজেলার চিৎলা গ্রামের গিয়াস উদ্দিনের ছেলে আকাশ (২২),আশাদুল হকের ছেলে তুষার (২৩)।

গতকাল বিকেল ৩টার দিকে তাদের কে চিৎলা গ্রামের স্বপনের বাড়ি থেকে মাদক সেবনের অপরাধে আটক করে পুলিশ। পরে আটককৃতদের বিরুদ্ধে ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়। আদালত আটককৃতদের কে মাদক সেবনের অপরাধে ১০হাজার টাকা জরিমানা করেন।

আদালত সূত্রে জানা যায়,গত শুক্রবার দামুড়হুদা মডেল থানা পুলিশের একটি টিম গোপন সংবাদের ভিত্তিতে দামুড়হুদার চিৎলা গ্রামের মোড়পাড়ার স্বপনের বাড়িতে মাদক বিরোধী অভিযান চালায়।

এ সময় স্বপনের বসত ঘর থেকে মাদক সেবনের অপরাধে আকাশ ও তুষার নামের দু’যুবক কে আটক করে।

আটকের পর দামুড়হুদা উপজেলা সহকারি কমিশনার (ভূমি) ও নিবার্হী ম্যাজিস্ট্রেট মো মহিউদ্দিন কে বিষয়টি অবগত করে পুলিশ। নিবার্হী ম্যাজিস্ট্রেট ঘটনাস্থল পরিদর্শন করে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

আদালতের বিচারক নিবার্হী ম্যাজিস্ট্রেট মো মহিউদ্দিন মাদক সেবনের আপরাধে দুই মাদক সেবীকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮সালের ৩৬এর সারণির ৫ধারায় উভয় কে জনসম্মুখে ৫হাজার টাকা করে জরিমানা করেন। অর্পিত জরিমানার টাকা নগদে পরিষোধ করে মুক্তি পাই।

আদালত পরিচালনা কার্যে সহযোগিতা করেন দামুড়হুদা মডেল থানার এসআই শেখ তৌহিদুর রহমান,এএসআই হারুন, দামুড়হুদা উপজেলা নিবার্হী অফিসের পেশকার জিহন আলি,অফিস সহকারি রফিকুল ইসলাম।

এছাড়াও এ সময় স্থানীয় নেতৃবৃন্দ সহ চিৎলা গ্রামের প্রায় ২শতাধীক নারী-পুরুষ উপস্থিত ছিলেন।

দর্শনায় চিহিৃত মাদক সম্রাট

রশিদা সহ আটক-২ : মাদক উদ্ধার

“মাদক ছাড়, নাই এলাকা ছাড়” এই স্লোগানকে সামনে রেখে চুয়াডাঙ্গার দর্শনা থানা এলাকাকে মাদক মুক্ত করার জন্য মাদক বিরোধী অভিযান অব্যাহত রেখেছে দর্শনা থানা পুলিশ ।

দফায় দফায় মাদক বিরোধী অভিযানে মাদক ব্যবসায়ীদের মধ্যে আতঙ্ক বিরাজ করছে। সেই সাথে আটক হচ্ছে মাদক ব্যবসায়ী। উদ্ধার করা হচ্ছে মাদক। দর্শনা থানা ইনচার্জ ওসি মাহাব্বুর রহমান কাজল এর নেতৃত্বে ইতোমধ্যে আটক করা হয়েছে এলাকার চিহ্নিত বেশ কিছু মাদক কারবারীকে।

মঙ্গলবার সন্ধ্যা ৭ টার দিকে দর্শনা থানার ইনচার্জ ওসি মাহাব্বুর রহমানের নেতৃত্বে ওসি (তদন্ত) শেখ মাহাবুবুর রহমান, এসআই জাকির হোসেন, এস আই সাইফুল , এএসআই শফিকুর রহমান শফি, এএসআই শাহিন কনঃ কাজল রেখা সহ সঙ্গীয় ফোর্স গোপন সংবাদের ভিক্তিতে মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন দর্শনা থানাধীন আকন্দবাড়িয়া ফার্ম পাড়ায়।

এ সময় এলাকার চিহ্নিত মাদক ব্যবসায়ী বহু মাদক মামলার আসামি রবিউল এর স্ত্রী রশিদা খাতুনকে(৪৬) আটক করে, তার দেহ তল্লাশি করে উদ্ধার করা হয় ৬১ পিচ ইয়াবা ট্যাবলেট এবং বসতঘর থেকে উদ্ধার করা হয় ২ কেজি গাঁজা।

এদিকে একই দিন সকাল ৯ ঘটিকার সময় মাদক বিরোধী অভিযান চালিয়ে প্রতাবপুর থেকে ৪ কেজি গাঁজা সহ মিরাজ আলী (১৯) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করে দর্শনা থানা পুলিশ।

সে দামুড়হুদা থানার শুবুলপুর গ্রামের মহসীন আলীর ছেলে। আটককৃতর বিরুদ্ধে মাদক আইনে মমলা রুজু করা হয়েছে জানিয়েছে পুলিশ

মেহেরপুরের ইসলামপুরে সম্পত্তি

নিয়ে ভাইয়ে ভাইয়ে মারামারি, আহত -২

মেহেরপুর সদর উপজেলা ইসলামপুর গ্রামে জমি নিয়ে বিরোধে ভাইয়ের হাতে আরেক ভাই মহাব্বত আলী ও তার ছেলে বাহারুলকে রড ও রামদা দিয়ে কুপিয়ে আহত করার অভিযোগ উঠেছে।

বুধবার সকালে ইসলামপুর গ্রামে এ ঘটনা ঘটে। এ বিষয়ে মেহেরপুর সদর থানায় কাশেমের ছেলে নজুল ও তার ছেলে আশানুর, অন্য ভাই ওয়াদ আলির ছেলে সাজ্জাদ আলীর নামে মামলা হয়েছে।

জানা গেছে, জমি বেচাকেনা বিরোধের জের ধরে ভাইয়ে হাতে ভাইকে কুপিয়ে আহত করার অভিযোগ পাওয়া গেছে উপজেলার আমদাহ ইউনিয়নের ইসলামপুর গ্রামের মহাব্বত আলীর সাথে। মহাব্বত আলীর বাড়ির জমি বিক্রয় নিয়ে বিরোধ চলে আসছিল তার ভাই নজুল মিয়াসহ অন্য ভাইদের সাথে।

এ নিয়ে প্রায়ই তাদের মধ্যে ঝগড়া-বিবাদ হতো। এক সময় মহাব্বত আলী জমি বিক্রয়করার সিদ্ধান্ত নেয়। তার ভাইয়েরা জমি ক্রয় করবে বলে দীর্ঘ দিন ঘুরাতে থাকে।পরবর্তীতে মহাব্বত আলী জমি বিক্রয় করা জন্য বাড়িতে গেলে নজুল ও তার ছেলে আশানুর, অন্য ভাই ওয়াদ আলির ছেলে সাজ্জাদ আলী রড ও রামদা দিয়ে এলোপাতাড়ি কুপিয়ে জখম করে তাকে।

মহাব্বত আলী বলেন, আমি অনেক বছর আগে আমদাহ গ্রামে আমার শশুর বাড়িতে চলে আছি। সেই থেকে আমি আমদাহ গ্রামে বসবাস করি। ইসলামপুরে আমার বাপরে বাড়ি। বসত বাড়ির পৈতৃক কিছু জমি আমার নামে রয়েছে। সেই জমি আমার ভাইয়েরা ক্রয় করবে বলে আমাকে জানায়। ১টি বছর আমাকে ঘুরিয়ে নিয়ে বেড়াই আজ নেব না কাল নেব বলে। আমার টাকার প্রয়োজন তাই আমি ভাইকে বলি জমি নেবে কি না। তখন তারা রেগে বলে জমি নেব না। কে নেয় দেখি তোর জমি।

আজ সকালে আমি ইসলামপুর আমার বাড়িতে গেলে নজুল ও তার ছেলেসহ অন্য ভাইয়ের ছেলেরা আমাকে ও আমার ছেলে বাহারুলকে হত্যার উদ্যেশে দামদা আর রড দিয়ে কোপাতে থাকে। এক সময় আমি মাটিতে পড়ে গেলে স্থানীয়রা আমাকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করে।

এ বিষয়ে মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান জানান, জমিজমা সংক্রান্ত বিষয়ে সদর উপজেলার ইসলাসপুর গ্রামে ভাইয়ে ভাইয়ে মারামাতিতে দুজন আহত হয়েছে। আহত ব্যক্তিরা থানায় একটি মামলা দায়ের করেছে। মামলা অনুযায়ী ব্যবস্থা গ্রহন করা হবে বলে জানান তিনি।

সোশ্যাল মিডিয়া ব্যবহার করে সমাজে অস্থিরতা ছড়ালে ব্যবস্থা : তথ্যমন্ত্রী

ফেসবুক, টুইটার, ইউটিউব বা অন্য সোশ্যাল মিডিয়া ব্যবহার করে সমাজে অস্থিরতা ছড়ালে প্রয়োজনে তাদের বিরুদ্ধেও ব্যবস্থা নেয়া হবে বলে জানিয়েছেন তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ।

বুধবার সচিবালয়ে তথ্য মন্ত্রণালয় সভাকক্ষে ঈদ পুনর্মিলনী সভায় সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে একথা জানান তিনি।

গণমাধ্যমের স্বার্থে এগুলোকে ট্যাক্সেশনের আওতায় আনা প্রয়োজন উল্লেখ করে প্রয়োজন হলে আলোচনা করে নতুন আইন করা হবে বলেও জানান তিনি।

মন্ত্রী বলেন, ইউরোপে ফেসবুক, টুইটার, ইউটিউব বা অন্য সামাজিক যোগাযোগ মাধ্যমগুলো ব্যবহার করে সমাজে অস্থিতরতা তৈরি, ফেক নিউজ করা, কারও চরিত্র হনন করলে এ ধরনের সার্ভিস প্রোভাইডারদের জরিমানা করার বিধান রয়েছে।
তিনি বলেন, আমাদের দেশের বিদ্যমান আইনে আমরা জরিমানা করতে পারি।

প্রয়োজনে সেই পদক্ষেপ নেবো। আমরা আলাপ-আলোচনা করছি, প্রয়োজন হলে নতুন আইন করা হবে। তবে প্রচলিত আইনেই যারা সার্ভিস প্রোভাইডার হাজার হাজার কোটি টাকা ব্যবসা করে নিয়ে যাবেন, আর ডোমেইন ব্যবহার করে যা ইচ্ছা তা করবে সেটার জবাবদিহিতা থাকবে না, সেটাতো হতে পারে না। পাশাপাশি সমাজে রাষ্ট্রের অস্থিরতা

তৈরি করবে, একে অপরের চরিত্রহনন করবে এবং তরুণ সমাজকে বিপথে পরিচালিত করবে। এজন্য যে ডোমেইন বা সার্ভিস দিচ্ছে তাদের দায় রয়েছে। সেজন্য প্রয়োজনে তাদেরও জরিমানা করা হবে।

টিকটক ও লাইকি নিয়ে সমাজে যে সমস্যা তৈরি হয়েছে সে বিষয়ে সরকার কী করছে জানতে চাইলে তথ্যমন্ত্রী বলেন, আমরা ইতোমধ্যে সামাজিক যোগাযোগ মাধ্যমের বিষয়ে তথ্য মন্ত্রণালয়ের একজন অতিরিক্ত সচিবের নেতৃত্বে একটি আন্তঃমন্ত্রণালয় কমিটি করে দিয়েছি। এগুলো কীভাবে আমাদের দেশে পরিচালিত হওয়া প্রয়োজন, কীভাবে ট্যাক্সেশনের আওতায় আনা যায়, আমাদের দেশের আইন-কানুন সংস্কৃতি এগুলো যাতে মেনে চলে সেজন্য কী করণীয় সে বিষয়গুলো ক্ষতিয়ে দেখে একটি রিপোর্ট পেশ করবে। সেই রিপোর্টের পরিপ্রেক্ষিতে এগুলোকে নিয়ম-নীতির মধ্যে আনা।

‘ইতোমধ্যে ব্যবহারকারীদের ট্যাক্সেশনের আওতায় আনা হয়েছে। বাংলাদেশ থেকে যারা ব্যবহার করে তারা ট্যাক্স দিচ্ছে। কিন্তু তারা যে আমাদের দেশকে ব্যবহার করে টাকা উপার্জন করে নিয়ে যাচ্ছে সেজন্য ইনকাম ট্যাক্স দিচ্ছে না। সেটা দেওয়া প্রয়োজন। এ লক্ষ্যে বিভিন্ন দেশে আইন হয়েছে। অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী বলেছেন, গণমাধ্যমের স্বার্থে এগুলোকে ট্যাক্সেশনের আওতায় আনা প্রয়োজন। আমিও মনে করি মূলধারার গণমাধ্যমগুলোকে ট্যাক্সেশনের আওতায় আনা প্রয়োজন।’

সূত্র- বিডি প্রতিদিন

বিচার ও নিরাপদ সড়কের দাবীতে গাংনীতে মানববন্ধন

মেহেরপুর স্টুডেন্ট ডেভেলপমেন্ট এসোশিয়েনর রাজশাহী বিদ্যালয় শাখার সাবেক সভাপতি মেহেরপুরের কৃতি সন্তান মকবুল আহাম্মেদ ও আক্তারুজ্জামান ট্রাক চাপায় নিহতের ঘটনায় বিচার ও নিরাপদ সড়কের দাবীতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বেলা সাড়ে ১১ টার সময় গাংনী বাজার বাস-ষ্ট্যান্ডে মানববন্ধনের আয়োজন করে মেসডা নামক ছাত্র সংগঠন। রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি কমল হোসেনের নেতৃত্বে অনুষ্ঠিত মানববন্ধনে বক্তব্য রাখেন, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সাবেক সাধারণ সম্পাদক নাহিদ উজ্জামান, কুষ্ঠিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ের সাধারণ সম্পাদক সাব্বির হোসেন, রাজশাহী বিশ্ব বিদ্যালয়ের সাবেক সভাপতি আরিফ হোসেন, খাজা ইউনুস আলী বিশ্ববিদ্যালয়ের লেকচারার ও সাবেক সাধারণ সম্পাদক টিটোন আহাম্মেদ,মেসডা’র সদস্য জাকির হোসেন প্রমুখ।

এসময় বক্তরা বলেন, দুর্ঘটনার খামে আর কত মেধাবীকে হারাবো? দেশের বিভিন্ন প্রান্তে হাজার হাজার মেধাবীকে প্রাণ দিতে হয়েছে সড়ক দুর্ঘটনার নামে। চালকদের নামে মামলা করলেও আইনের ফাক ফোকর দিয়ে বেরিয়ে তারা চলছে বহাল তবিয়তে। তেমনি ভাবে গাংনী উপজেলার বামুন্দিত ট্রাক পাচায় প্রাণ হারাতে হয় মেহেরপুরের কৃতি সন্তান মকবুল আহাম্মেদ ও আক্তারুজ্জামানকে।

ঘাতক ট্রাকচলকের বিচার সহ নিরাপদ সড়ক ব্যাবস্থার দাবী করেন ছাত্র সংগঠনের নেতারা। মানববন্ধনের মাধ্যমে তারা দাবী করেন একটি মেধাবী শিক্ষার্থী লেখা পড়া শেষ করে যখন দেশ গড়ার স্বপ্ন দেখেন, এবং তার পরিবারকে স্বপ্ন দেখান তখনি তাকে ট্রাক কিংবা বাস চাপায় নিহত হতে হয়। আমরা এই অকাল মৃত্যু চাই না।

দেশের বিভিন্ন বিশ্ব বিদ্যালয়ের শিক্ষার্থীসহ নিহত মকবুল আহাম্মেদ ও আক্তারুজ্জামানের পরিবারের সদস্যরা এ মানববন্ধনে অংশ গ্রহন করেন।

উল্লেখ্যঃ মেহেরপুরের গাংনীর বামুন্দি গরুর হাটে সড়ক ঈদের দ্বিতীয় দিনে রোববার সকালে এটিএন নিউজের এইচআর ডিপার্টমেন্টের সহকারী ব্যবস্থাপক ব্রজপুর গ্রামের মকবুল আহাম্মেদ ও তার বন্ধু গোয়াল গ্রামের আক্তারুজ্জামান একটি মোটর সাইকেল যোগে বামন্দী পশুহাট হয়ে বাসস্ট্যান্ড আসার পথে মোটর সাইকেলের নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার উপর ছিটকে পড়েন তারা।

এসময় বিপরীত দিক থেকে আসা একটি ট্রাক তাদেরকে চাপা দিলে ঘটনাস্থলেই মারা যান মকবুল আহাম্মেদ ও আকতারুজ্জামান। পুলিশের একটি টীম ট্রাকটি আটক করে।

নেত্রকোনায় নৌকা ডুবে ১৭ জনের মৃত্যু

নেত্রকোনার মদন উপজেলায় পর্যটনকেন্দ্র মিনি কক্সবাজার নামে খ্যাত উচিতপুরের হাওরে ঘুরতে এসে নৌকাডুবিতে ১৭ জনের মৃত্যু গয়েছে। এদের মধ্যে দুটি কন্যাশিশু ও বাকিরা পুরুষ।

আজ বুধবার বেলা সাড়ে ১১টার দিকে উচিতপুরের সামনের হাওর গোবিন্দশ্রী রাজালী কান্দা নামক স্থানে এঘটনা ঘটে। কন্যাশিশু দুটির পরিচয় পাওয়া গেছে। তারা হলো লুবনা আক্তার (১০) ও জুলফা আক্তার (৭)। এরা সহোদরা এবং চরশিতা ইউনিয়নের ওয়ারেছ উদ্দিনের মেয়ে। বাকিদের পরিচয় পাওয়া যায়নি।

স্থানীয় ও পুলিশ সূত্রে জানা যায়, বুধবার সকালে ময়মনসিংহ সদর থানার ৫ নম্বর চরশিরতা ইউনিয়ন ও আটপাড়া তেলিগাতী থেকে ৪৮ জন ঘুরতে মিনি কক্সবাজার উচিতপুরে আসে। পরে ঘুরতে গেলে হাওরের উত্তাল ঢেউয়ে গোবিন্দশ্রী রাজালীকান্দা নামক স্থানে নৌকাটি ডুবে যায়। এতে ১৭ জনের লাশ উদ্ধার করা হয়েছে।

ওসি মো. রমিজুল হক জানান, মদন হাওরে নৌকা ডুবিতে ১৭টি লাশ উদ্ধার করা হয়েছে। বাকি ৩১ জনকে উদ্ধার করা হয়েছে, তারা সবাই ভালো আছেন।

‘সিনহা’র মৃত্যুর দায় ব্যক্তির, কোন প্রতিষ্ঠানের

নয়’

কক্সবাজারের টেকনাফে পুলিশের গুলিতে অবসরপ্রাপ্ত মেজর রাশেদ সিনহা’র মৃত্যুকে বিচ্ছিন্ন ঘটনা হিসেবে দেখতে চায় সেনাবাহিনী।

বুধবার কক্সবাজারে এক যৌথ সংবাদ সম্মেলনে এ কথা জানান সেনাবাহিনী প্রধান জেনারেল আজিজ আহমেদ।

এসময় তিনি বলেন, ‘সিনহা’র মৃত্যুর ঘটনায় সেনাবাহিনী ও পুলিশ মর্মাহত। তদন্ত কমিটির ওপর সেনাবাহিনী ও পুলিশের আস্থা আছে। এ ঘটনার দায় ব্যক্তির, কোন প্রতিষ্ঠানের নয়।’

সূত্র- বিডি প্রতিদিন

মেহেরপুরে হেরোইনসহ স্বামী- স্ত্রী আটক

মেহেরপুরে ২ গ্রাম হেরোইনসহ স্বামী-স্ত্রীকে আটক করেছে পিরোজপুর ক্যাম্প পুলিশ।

বুধবার দুপুরে পিরোজপুর ক্যাম্প এর আইসি নিখিল চন্দ্র সরকার পিরোজপুর দাস পাড়া মন্দির সংলগ্ন এলাকা থেকে তাদের আটক করেন।

আটককৃতরা হলো মুজিবনগর উপজেলার যতারপুর গ্রামের মৃত আব্দল করিম বিশ্বাস এর ছেলে ফারুকুজ্জামান তুষার (৩০) ও তার স্ত্রী নাজমা খাতুন (২২)।

আটককৃতদের বিরুদ্ধে মেহেরপুর সদর থানায় একটি মাদক নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে।

মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান বিষয়টি নিশ্চিত করে জানান, আটক আসামী ফারুকুজ্জামান তুষার মাদক মামলার সাজাপ্রাপ্ত পলাতক আসামী। সে দীর্ঘদিন ধরে এই ব্যবসার সাথে জড়িত।

দেশে করোনায় আরো ৩৩ প্রাণহানি

গত ২৪ ঘণ্টায় দেশে করোনাভাইরাসে (কভিড-১৯) আক্রান্ত হয়ে আরো ৩৩ জনের মৃত্যু হয়েছে। এ মারণভাইরাসে আক্রান্ত হয়ে গতকাল ৫০ জনের প্রাণহানি ঘটে। এ পর্যন্ত করোনায় আক্রান্ত হয়ে মোট মৃত্যুবরণ করলেন ৩২৬৭ জন। গত ২৪ ঘণ্টায় মৃতদের মধ্যে ২৫ জন পুরুষ এবং ৮ জন নারী। গত ২৪ ঘণ্টায় নতুন করে শনাক্ত হয়েছেন ২৬৫৪ জন। গতকাল শনাক্ত হয়েছিলেন ১৯১৮ জন।

আজ বুধবার (৫ আগস্ট) দুপুরে স্বাস্থ্য অধিদপ্তরের করোনাভাইরাস সংক্রান্ত নিয়মিত হেলথ বুলেটিনে এসব তথ্য জানানো হয়। অনলাইন বুলেটিন উপস্থাপন করেন স্বাস্থ্য অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) অধ্যাপক ডা. নাসিমা সুলতানা।

ডা. নাসিমা সুলতানা বরাবরের মতো করোনাভাইরাস থেকে সুরক্ষিত থাকতে সবাইকে স্বাস্থ্যবিধি মেনে চলার আহ্বান জানান বুলেটিনে।

গোটা বিশ্ব এখন করোনাভাইরাসের ছোবলে বিপর্যস্ত। গত ডিসেম্বরে চীনের উহান শহর থেকে ছড়ায় এই ভাইরাস। এখন পর্যন্ত এ ভাইরাসে বিশ্বজুড়ে আক্রান্তের সংখ্যা এক কোটি ৮৭ লাখ ছাড়িয়েছে। মৃতের সংখ্যা ছাড়িয়েছে ৭ লাখ ৪ হাজার। তবে এক কোটি ১৯ লাখের বেশি রোগী এরই মধ্যে সুস্থ হয়েছেন।

গত ৮ মার্চ বাংলাদেশে প্রথম শনাক্ত হয় করোনাভাইরাস। করোনায় আক্রান্ত হয়ে প্রথম মৃত্যুর ঘটনা ঘটে ১৮ মার্চ।

সূত্র- কালের কন্ঠ